JAN 7 20[illegible]
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ঘুষ ছাড়া ফাইল নড়ে না

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** রীতিমত দুর্নীতির আখড়ায় পরিণত হইয়াছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের হিসাব বিভাগ। ঘুষ ছাড়া ফাইল নড়ে না। ঘুষের পরিমাণ বেশী পাওয়া যায় বলিয়া কর্মকর্তা-কর্মচারীরা ঠিকাদারদের কাজ সমাধা করিতে উৎসুক হইয়া থাকে। ফলে একাডেমিক কার্যক্রমসহ বহু গুরুত্বপূর্ণ কর্মকান্ড ব্যাহত হইতেছে। ঘুষের স্বার্থ বহির্ভূত কর্মকান্ড সম্পাদনে গড়িমসি করার অভিযোগ এই শাখার অধিকাংশ কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে। হিসাব পরিচালকসহ শীর্ষ কর্মকর্তাদের কার্যকলাপে অসন্তোষ রহিয়াছে দীর্ঘদিন ধরিয়া। বিপুল পরিমাণ অর্থ আত্মসাতের অভিযোগে ইতিপূর্বে হিসাব পরিচালক নজরুল ইসলামের চাকুরী চলিয়া যায়। তবে কয়েক বৎসর না যাইতেই তিনি স্বপদে ফিরিয়া আসেন।